



বিদেশি বিনিয়োগে প্রয়োজনীয় সুবিধা দেওয়ার আশ্বাস প্রধানমন্ত্রীর



ছবি: সংগৃহীত

দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণে স্থিতিশীল, প্রতিযোগিতামূলক ও বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরিতে সরকার কাজ করছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার (৬ অক্টোবর) সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে টয়োটা তুশো করপোরেশনের ভাইস চেয়ারম্যান ইচিরো কাশিতানির নেতৃত্বাধীন প্রতিনিধিদলের সঙ্গে সাক্ষাতে তিনি এ কথা বলেন।

বৈঠকে বাংলাদেশে টয়োটার গাড়ি উৎপাদন কারখানা স্থাপনের পরিকল্পনা তুলে ধরে প্রতিনিধিদলটি জানায়, ২০২৭ সালে একটি অর্থনৈতিক অঞ্চলে হাইব্রিড ইলেকট্রিক ভেহিকেল (এইচইভি) উৎপাদন প্রকল্পের কাজ শুরু হবে। ২০২৯ সালের মধ্যে পূর্ণাঙ্গ উৎপাদনে যাওয়ার লক্ষ্য রয়েছে। এ উদ্যোগে কর্মসংস্থান, প্রযুক্তি স্থানান্তর ও দক্ষ মানবসম্পদ উন্নয়নের সুযোগ তৈরি হবে।

বাংলাদেশে টয়োটার ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক বিভাগীয় পর্যায়ে সম্প্রসারণ এবং তরুণদের কারিগরি ও পেশাগত প্রশিক্ষণের বিষয়েও বৈঠকে আলোচনা হয়। পাশাপাশি বর্জ্য থেকে বিদ্যুৎ ও নবায়নযোগ্য জ্বালানি খাতে বিনিয়োগের সম্ভাবনা নিয়েও কথা বলেন প্রধানমন্ত্রী।

বিদেশি বিনিয়োগকারীদের জন্য নীতি সহায়তা, অবকাঠামোসহ প্রয়োজনীয় সুযোগ-সুবিধা নিশ্চিত করার আশ্বাস দিয়ে টয়োটা তুশোর বিনিয়োগ ও কার্যক্রম সম্প্রসারণের উদ্যোগকে স্বাগত জানান প্রধানমন্ত্রী।